গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নংঃ- স্বাঃ অধিঃ/চিঃশিঃ/ভর্তি/ এমবিবিএস/ বিডিএস/২০১৫-২০১৬/৪১৪ তারিখ: ১৭-০৮-২০১৫ইং

১ম বর্ষ এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির আবেদন আহ্বান (২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ)
সকল সরকারী ও বেসরকারী মেডিকেল ও ডেন্টাল কলেজ/ইউনিট / ইনষ্টিটিউট এর জন্য প্রযোজ্য

০১. ২০১৫-২০১৬ শিক্ষা বর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তির জন্য আবেদন অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহবান করা হচ্ছে।

০২. বাংলাদেশের নাগরিক শিক্ষার্থী, যারা ২০১২ বা ২০১৩ সনে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং ২০১৪ বা ২০১৫ সনে এইচএসসি বা সমমানের (পদার্থ, রসায়ন ও জীববিদ্যাসহ) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তারা ভর্তির আবেদন করার যোগ্য হবেন। ইংরেজী ২০১২ সনের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

০৩. সকল দেশী বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি ও এইচএসসি বা সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে, তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম হলে, কোন প্রার্থী আবেদনের যোগ্য হবেন না।

০৪. সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৭.০০ হতে হবে। তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হলে আবেদনের যোগ্য হবেন না।

০৫. লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য **০.২৫** নম্বর কর্তন করা হবে এবং ২০১৪-২০১৫ ইং শিক্ষা বর্ষে সরকারী মেডিকেল, ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিট সমূহে ভর্তিরত ছাত্র-ছাত্রীরা এই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহন করলে তাদের মোট নম্বর থেকে *৫.০০ (পাঁচ)* নম্বর কাটা যাবে। এমবিবিএস/বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষায় ২০০ নম্বরের মধ্যে ১২০ নম্বর প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি করা যাবে। **তবে লিখিত পরীক্ষায় নুন্যতম ৪০ নম্বর পেতে হবে।**

০৬. **অনলাইনে আবেদন পুরন করার সময় নির্দেশাবলী ভাল ভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সহিত পূরণ করতে হবে। পরীক্ষা ফিসের টাকা শুধু Prepaid টেলিটকের মাধ্যমে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে। পরীক্ষার্থীর সংখ্যা : কলেজ কোড *11 থেকে 19* পর্যন্ত এবং কলেজ কোড *40* এ ৬০০০ করে এবং বাকী কলেজগুলোতে ৫০০০এর বেশী নয়।**

০৭. সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপি ৩.৫০ থাকতে হবে।

০৮. অনলাইনে আবেদন শুরুর তারিখঃ ১৯-০৮-২০১৫ ইং (সকাল: ১০:০০ মি:)

০৯. অনলাইনে আবেদনের শেষ তারিখঃ ০১-০৯-২০১৫ ইং (রাত ১১:৫৯ মি:)

১০. অনলাইনে টাকা জমার শেষ তারিখঃ ০২-০৯-২০১৫ ইং (রাত ১১:৫৯ মি:)

১১. প্রবেশ পত্র বিতরণ : ১৪-০৯-২০১৫ ইং হতে ১৭-০৯-২০১৫ ইং

১২. ভর্তি পরীক্ষার তারিখঃ ১৮-০৯-২০১৫ ইং (শুক্রবার, সকাল ১০ টা হইতে ১১ টা)

১৩. ***MBBS & BDS ভর্তির জন্য Online ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য (detail instructions for applicant) website: http://dghs.teletalk.com.bd, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mohfw.gov.bd এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd হতে জানা যাবে।***

১৪. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে করা হবে।

১৫. বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা তাদের মার্কস সার্টিফিকেট সমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/-(দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার সহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ করার সময় ID নম্বর নিতে হবে। (Equivalence Certificate সংগ্রহ করার জন্য এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষার মুল সনদপত্র সাথে আনতে হবে)।

১৬. নির্বাচিত প্রার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ অথবা ভুল প্রমানীত হলে, তার ভর্তি বাতিল বলে গন্য হবে।

১৭. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

17/8/2015

অধ্যাপক ডাঃ এ বি এম আব্দুল হান্নান
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
ফোন - ৮৮২৫৪০০, ফ্যাক্স - ৯৮৮৬৬১২
Email : abmhannan@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে:- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)।

১. মাননীয় মন্ত্রী , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
২. মাননীয় মন্ত্রী , শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(দৃষ্টি আ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
৩. মাননীয় প্রতিমন্ত্রী , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আ: মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
৪. সচিব,স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:-সচিব মহোদয়ের একান্ত সচিব)
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব) ।
৬. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- পরিচালক, আইও বিভাগ)।
৭. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৮. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৯. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)
১০. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১১. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২. উপাচার্য, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা।
১৩. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৪. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় , আগার গাঁ, ঢাকা/ ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
১৫. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, সমন্বয়)
১৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৮. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১৯. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
২০. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)/পরিকল্পনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২১. **পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা গেল।**
২২. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
২৩. অধ্যক্ষ : ১১. ঢাকা, ১২. স্যার সলিমুল্লাহ, ১৩. শহীদ সোহরাওয়ার্দী, ১৪.ময়মনসিংহ, ১৫ .চট্রগ্রাম, ১৬. রাজশাহী, ১৭. এমএজি ওসমানী-সিলেট, ১৮. শের-ই-বাংলা-বরিশাল, ১৯. রংপুর, ২০. কুমিল্লা, ২১. খুলনা, ২২.শহীদ জিয়াউর রহমান-বগুড়া, ২৩. ফরিদপুর, ২৪. দিনাজপুর, ২৫.পাবনা, ২৬.আব্দুল মালেক উকিল- নোয়াখালী, ২৭.কক্সবাজার, ২৮. যশোর, ২৯. সাতক্ষীরা, ৩০. শহীদ সৈয়দ নজরুল ইসলাম-কিশোরগঞ্জ, ৩১. কুষ্টিয়া, ৩২. শেখ সায়েরা খাতুন-গোপালগঞ্জ, ৩৩. শহীদ তাজউদ্দীন আহমদ-গাজীপুর, ৩৪. টাংগাইল, ৩৫. জামালপুর, ৩৬. মানিকগঞ্জ, ৩৭. শহীদ এম মনসুর আলী-সিরাজগঞ্জ, ৩৮. পটুয়াখালী, ও ৩৯. রাঙ্গামাটি মেডিকেল কলেজ। ৪০. ঢাকা ডেন্টাল কলেজ, ৪১.চট্টগ্রাম, ৪২.রাজশাহী, ৪৩.শহীদ সোহরাওয়ার্দী, ৪৪.স্যার সলিমুল্লাহ, ৪৫.ময়মনসিংহ, ৪৬. এম,এ,জি,ওসমানী, ৪৭. শের-ই-বাংলা, ৪৮. রংপুর মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট ও মুগদা মেডিকেল কলেজ, ঢাকা ।
২৪. অধ্যক্ষ,..বেসরকারী মেডিকেল/ ডেন্টাল কলেজ (সকল)
২৫. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২৬. রেজিষ্ট্রার, বিএমডিসি, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণী, ৮৬,বিজয় নগর, ঢাকা।
২৭. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়/ স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
২৮. সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানা পল্টন, ঢাকা। সকল মিডিয়াতে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
২৯. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন, ঢাকা।
৩০. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ ডেন্টাল সোসাইটি, মোতাল্লেব প্লাজা, হাতিরপুল, ঢাকা।

17/8/2015

অধ্যাপক ডা: এ বি এম আব্দুল হান্নান
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন-৮৮২৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
Email : abmhannan@gmail.com